

যুগান্তর

রোববার, ৩০ বৈশাখ ১৪০৮

Sunday, 13 May 2001

বঞ্চিত নারীদের জন্য গ্রামীণ মিউচুয়াল ফান্ড

হকিকত জাহান হকি

প্রতি বছর মুনাফার গ্যারান্টি দিয়ে গ্রামের দুস্থ নারীদের শেয়ার ব্যবসায় বিনিয়োগের সুযোগ করে দিচ্ছে গ্রামীণ ব্যাংক। এ লক্ষ্যে তারা বাজারে ছাড়ছে প্রথম গ্রামীণ মিউচুয়াল ফান্ড। দেশের প্রত্যন্ত অঞ্চলের গ্রামীণ ব্যাংকের সদস্যরাসহ সর্বস্তরের গরিব মেহনতী মানুষরা এ ফান্ডে বিনিয়োগের সুযোগ পাবেন। এদের মধ্যে শোষণের শিকার, উৎপাদনের উপকরণ হারা, অধিকার বঞ্চিত দুস্থ নারীদের অগ্রাধিকার দেয়া হবে। সম্প্রতি সোনারগাঁও হোটেলে এ ফান্ডের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথাগুলো বলেন গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক প্রফেসর মোহাম্মদ ইউনুস। এ সময় গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান এবং সিপিভির চেয়ারম্যান প্রফেসর রেহমান সোবহান উপস্থিত ছিলেন।

প্রফেসর ইউনুস গ্রামের অসহায় গরিব মানুষের জীবনধারণ চিত্র তুলে ধরেন। তাদের আস্থা ও বিশ্বাসকে কাজে লাগিয়েই এ ফান্ডের বিনিয়োগ বাস্তবায়ন করা হবে বলে তিনি জানান। তিনি এ ফান্ডের কার্যক্রম সম্পর্কে বর্ণনা দিয়ে বলেন, গ্রামের গরিব মানুষরা খুব সহজেই এ ফান্ডে তাদের টাকা খাটানোর এবং খুব সহজেই তা ওঠানোর সুযোগ পাবেন।

এ বিনিয়োগকে তিনি গরিব মানুষের পেনশনফান্ড হিসাবে উল্লেখ করেন। তিনি গ্রামীণ ব্যাংকের উদাহরণ দিয়ে বলেন, এ ব্যাংকের ৯৩ শতাংশের মালিক গরিব মানুষরাই। তাদের এ মিউচুয়াল ফান্ডেরও সংখ্যাগরিষ্ঠ মালিক হবেন গরিবরাই।

গ্রামীণ ব্যাংক ব্যবস্থাপনা পরিচালক জানান, তাদের প্রথম মিউচুয়াল ফান্ডের পরিমাণ হবে ১২ থেকে ১৫ কোটি টাকা।

পর্যায়ক্রমে তারা একই নিয়মে আরও ফান্ড গঠন করবেন। প্রথম গ্রামীণ মিউচুয়াল ফান্ডের প্রতিটি শেয়ারের মূল্য হবে একশত টাকা।

তাদের ঘোষণা অনুযায়ী সংশ্লিষ্ট শেয়ার হোল্ডাররা প্রতি বছর একশ টাকার শেয়ারে দশ টাকা হারে মুনাফা পাবেন। এছাড়া আরও বেশি মুনাফা হলে আরও বেশি মুনাফা দেয়া হবে। তবে প্রতি বছর দশ শতাংশ মুনাফা নিশ্চিত করতে উদ্যোক্তারা কোন নির্দিষ্ট খাতে নির্দিষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগ করবে।

প্রফেসর ইউনুস আরও জানান, এ ফান্ডে বিনিয়োগ করে গরিব মানুষরা বড় অর্থনীতির সঙ্গে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাবেন। তিনি মনে করেন ছোট ছোট আকারের টাকার সমন্বয়েই বিরাট অর্থনৈতিক শক্তি গড়ে ওঠে। গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান বলেন, গ্রামের দরিদ্র জনগোষ্ঠীকে বড় অর্থনীতির সঙ্গে সম্পৃক্ত করাই এ ফান্ডের মূল লক্ষ্য।

গ্রামীণ মিউচুয়াল ফান্ডের ফান্ড ম্যানেজমেন্টের কাজ করছে এইমস বাংলাদেশ। তারা শিগগিরই এ ফান্ডের প্রসাপেটাস ইস্যুসহ অন্যান্য কাজ সম্পন্ন করবে। এইমস বাংলাদেশের চেয়ারম্যান মঞ্জুরুল হক, ব্যবস্থাপনা পরিচালক ইয়ার সাদ্দিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।